

Model Activity task 2021(September)

Class-6 | Science |(Part-6)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর ষষ্ঠ শ্রেণী| পরিবেশ ও বিজ্ঞান |(পাঠ -৬)

১ ঠিক উত্তর নির্বাচন করো :

১.১ যেটি আগ্নেয়শিলা তা হলো –

(ক) চুনাপাথর (খ) বেলেপাথর (গ) মার্বেল পাথর (ঘ) গ্রানাইট।

১.২ দৈর্ঘ্য পরিমাপের ক্ষুদ্রতম এককটি হলো—

(ক) ডেকামিটার (খ) ডেসিমিটার (গ) মিটার (ঘ) মিলিমিটার।

১.৩ মানুষের বুড়ো আঙুলে যে ধরনের অস্থিসন্ধি দেখা যায় সেটি হলো

(ক) পিভট সন্ধি (খ) হিঙ্গ সন্ধি (গ) স্যাডল সন্ধি (ঘ) বল এবং সকেট সন্ধি।

২. ঠিক বাক্যের ✓পাশে আর ভুল বাক্যের পাশে x চিহ্ন দাও :

২.১ কোনো স্প্রিংকে চাপ দিয়ে সংকুচিত করা হলে তার মধ্যে গতিশক্তি সঞ্চিত হয়। x

কারণ: কোন স্প্রিংকে চাপ দিয়ে সংকুচিত করা হলে তার মধ্যে স্থিতি শক্তি সঞ্চিত হয়।

২.২ কোনো তরলের প্রবাহিত হওয়ার বেগ বাড়লে সেই তরলের মধ্যের চাপ বেড়ে

যায়।✓

২.৩ লিগামেন্ট পেশির সঙ্গে হাড়কে যুক্ত করে। x

কারণ: পেশির সঙ্গে হাড়কে যুক্ত করে টেন্ডন।

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ ভোতা ছুরিতে সবজি কাটা শক্ত – চাপের ধারণা প্রয়োগ করে কারণ ব্যাখ্যা করো।

উত্তর: ভোতা ছুরির ভোতা প্রান্তের ক্ষেত্রফল ধারালো ছুরির ধারালো প্রান্তের চেয়ে বেশি।

আমরা জানি , চাপ= বল ÷ ক্ষেত্রফল ।

অর্থাৎ, চাপ , ক্ষেত্রফলের সাথে ব্যস্তানুপাতিক । অর্থাৎ ক্ষেত্রফল বাড়লে চাপ কমবে । কিন্তু

ভোঁতা ছুরির ক্ষেত্রফল ধারালো ছুরির তুলনায় বেশি। তাই ভোঁতা ছুরিতে একই বল প্রয়োগ করলেও কম চাপ প্রযুক্ত হয়। ফলে, ভোতা ছুরিতে সবজি কাটা শক্ত।

৩.২ মানবদেহে কীভাবে ফুসফুস থেকে বিশুদ্ধ রক্ত বাম নিলয়ে পৌঁছায়?

উত্তর: বাম অলিন্দ ও ডান অলিন্দ রক্ত দ্বারা পূর্ণ হলে সংকুচিত হতে শুরু করে। তখন বাম নিলয় ও ডান নিলয় প্রসারিত হতে শুরু করে। তখন ডান অলিন্দের রক্ত ত্রিপত্র কপাটিকার (ট্রাইকাসপিড ভালভ) মধ্য দিয়ে ডান নিলয়ে এবং বাম অলিন্দের রক্ত দ্বিপত্রক কপাটিকার মধ্য দিয়ে বাম নিলয়ে পৌঁছায়।

www.somadhan.info

৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও :

৪.১ সমস্ত জীবাশ্ম জ্বালানির মূলেই আছে সূর্যের শক্তি – ব্যাখ্যা করো।

উত্তর: সূর্যের সৌরশক্তি খাদ্যের মধ্যে বা উদ্ভিদ দেহে রাসায়নিক শক্তি বা স্থিতি শক্তি রূপে জমা থাকে। বহু কোটি বছর ভূমিকম্পের ফলে আগের গাছপালা ও প্রাণীর অবশেষ মাটির নিচে চাপা পড়ে। ভূগর্ভের তাপে আর চাপে উদ্ভিতের দেহাংশ থেকে কয়লা ও প্রাণীদের দেহাবশেষ খনিজ তেলে পরিণত হয়। পেট্রোলিয়াম থেকেই আমরা ডিজেল-পেট্রোল বা কেরোসিন ইত্যাদি জ্বালানি পাই। তাহলে কয়লা বা পেট্রোলিয়ামে জড়ো হওয়া শক্তির উৎস হল সূর্য।

৪.২ তোমার বন্ধুর ওজন 60 কেজি আর উচ্চতা 4.5 ফুট। তোমার ঐ বন্ধুর দেহভর সূচক নির্ণয় করো। তোমার বন্ধুর দেহভর সূচক সম্বন্ধে তোমার মতামত লেখো।

উত্তর: আমরা জানি, দেহভর সূচক (BMI) = দেহের ওজন (কেজি এককে) ÷ দেহের উচ্চতার বর্গ (বর্গ মিটার এককে)

4.5 ফুট = 4.5 × 0.3048 মিটার = 1.37 মিটার

আমার বন্ধুর দেহভর সূচক

$$= 60 \div (1.37)^2$$

$$= 60 \div 1.88$$

$$= 31.91$$

দেহভর সূচক 30 - 40 বা তার বেশি হলে তা মোটা হয়ে যাওয়া বা স্থূলত্বের নির্দেশ করে।

www.somadhan.info